জীবননগরে ভেজাল থিয়োভিট উদ্ধার,ব্যবসায়ীকে জরিমানা

জীবননগরে ভ্র্যাম্যমান আদালত অভিযান চালিয়ে ভেজাল থিয়োভিট উদ্ধার এক ব্যবসা প্রতিষ্ঠানকে ৫হাজার টাকা জরিমানা প্রদান করেছে ।

আজ মঙ্গলবার দুপুর সাড়ে ১২টার সময় জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভ’মি তিথি মিত্র জীবননগর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর উপজেলার বাকা ব্রিক ফিল্ডের মের্সাস সাগর ট্রেডার্সে ভেজাল বিরোধী অভিযান চালিয়ে দোকানের মধ্যে থেকে ৬ প্যাকেট নিন্মমানের ভেজাল থিযোভিট উদ্ধার করে।

এ সময় মেসার্স সাগর ট্রেডার্সের মালিক সিরাজুল ইসলামকে ভেজাল থিয়োভিট বিক্রি করার অপরাধে নগদ ৫হাজার টাকা জরিমানা প্রদান করেন।

মেসার্স সাগর ট্রেডার্সের মালিক মোঃ সিরাজুল ইসলাম বলেন,আমি সিনজেন্টার থিয়োভিট গুলো দামুড়হুদা বাজারের মের্সাস নাঈম ট্রেডার্সের নিকট থেকে ক্রয় করেছি আমি তো জানি না এ গুলো ভেজাল সে আমার নিকট থেকে সিনজেন্টার থিয়োভিটের দাম নিয়েছে।

জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভুমি তিথি মিত্র বলেন,একটি গোপন সুত্রে জানতে পারি বাকা ব্রিক ফিল্ডের একটি কীটনাশকের দোকানে ভেজাল থিয়োভিট বিক্রয় করা হচ্ছে এ সংবাদ পেয়ে বাকা ব্রিক ফিল্ডের মের্সাস সাগর ট্রেডার্সে অভিযান পরিচালনা করে তার দোকান থেকে ৬ প্যাকেট নকল থিয়োভিট উদ্ধার করা হয় । উদ্ধারকৃত মালামালগুলো ধ্বংস করা হয়েছে। কৃষকদের সাথে প্রতারনা করায় ওই প্রতিষ্ঠানের মালিককে জরিমানা প্রদান করা হয় এবং তাকে সর্তক করা হয়। জনস্বার্থে এবং কৃষকদের স্বার্থে ভেজাল বিরোধী এ অভিযান অব্যাহত থাকবে।

ভ্রাম্যমান আদালত পরিচালনায় সহযোগিতা করেন জীবননগর উপজেলা কৃষি অফিসার মোঃ মনিরুজ্জামান।

[redacted]

[redacted]

দিয়ে উৎসব শুরু হয়। দলগত ডিসপ্লে, মশাল প্রজ্জ্বলন, মার্চ পাস্টের পর বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক ইভেন্টের মধ্যে ছিল, চকলেট দৌড়, রিলে দৌড় সহ বিভিন্ন প্রতিযোগিতা

পুরষ্কার বিতরণী ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা কালেক্টর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মাসুদুজ্জামান, চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার সুমাইয়া পারভীন সহ চুয়াডাঙ্গা কালেক্টর স্কুল এন্ড কলেজের শিক্ষকমন্ডলী সহ অভিভাবকবৃন্দ।

দামুড়হুদায় ২দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন

দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের বিষ্ণুপুর হাই স্কুল মাঠে দুই দিনব্যাপী কৃষি মেলার শুভ উদ্বোধন করলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। আজ সোমবার বেলা ১১ টার দিকে।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা বলেন, আমাদের দেশের কৃষকরাই হলো সেরা বিজ্ঞানী, কৃষিকাজে আমরা প্রতিনিয়তই তাদের কাছ থেকে কিছু না কিছু শিখি। কৃষি কাজে প্রচুর পরিমানে পানির ব্যবহার করা হয়, সে পানি যেন যুগোপযোগী ভাবে ব্যবহার হয় এবং পানির সাশ্রয় করা যায়। অর্থাৎ দক্ষ পানির ব্যবহার এবং উত্তম কৃষি ব্যবস্থাপনা। এই কৃষি উৎপাদন করতে গিয়ে আমরা যে পানি ব্যবহার করি, সেই পানি যাতে অপচয় না হয় সেদিকে বিশেষ ভাবে খেয়াল রাখতে হবে। একটা ইউনিয়নে মাঠের পর মাঠ এত ধান চাষ হয়, তাহলে সেখানে কতো পানির ব্যাবহার করা হয়। এই পানি কোনভাবেই অপচয় করা যাবে না। সব ক্ষেত্রে প্রচুর পরিমাণে পানির ব্যবহার করা হয়। এই পানি সাশ্রয় করে কমিয়ে কিভাবে উৎপাদন বাড়ানো যায়, সে দিকে বিশেষভাবে খেয়াল রাখা প্রয়োজন। তাই এই কৃষি মেলার অন্যতম উদ্দেশ্য হলো দক্ষ ভাবে পানি কিভাবে ব্যবস্থাপনা করা

যায়, পানির উত্তম ব্যবহার করে কৃষি ব্যবস্থাপনা কিভাবে করা যায়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত মাহবুবুর রহমান সহ উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আগত কৃষকেরা, বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীরা, আমন্ত্রিত অতিথি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

ভারতের মেদিনীপুরে ৫দিন ওরশ শেষে দেশে ফিরলো বাংলাদেশের বিশেষ ট্রেন

দর্শনা, ভারতের মেদিনীপুরের হুজুর পাকের রওজা মোবারকে ৫দিন ওরশ শেষে বিশেষ স্পেশাল ট্রেনটি বাংলাদেশে ফিরছে।

আজ সোমবার (১৯ ফেব্রয়ারি) দুপুরে চুয়াডাঙ্গার দর্শনা আন্তর্জাতিক রেলপথ দিয়ে ফিরে এসেছে।

দর্শনা আন্তর্জাতিক রেল স্টেশন ম্যানেজার কামরুল ইসলাম ও দর্শনা চেকপোস্ট ইমিগ্রেশন ইনচার্জ আতিক হাসান জানান, প্রতি বছরের মতো এবারো স্পেশাল ট্রেনটি ২৪টি বগিতে ২২৬৩ জন যাত্রী নিয়ে গত বুধবার ভারতের পশ্চিম বঙ্গের মেদিনীপুর জোড়া মসজিদে হযরত আব্দুল কাদের জিলানী (রা.) এর বংশধর হযরত আল বাগদাদী আল মেদিনীপুরী (আ.) মশহুর নাম ‘মওলাপাক’ এর পবিত্র ওরশ শরীফের ১২৩ তম ওরশ অনুষ্ঠিত হয়।

এদের মধ্যে পুরুষ যাত্রী ১৩২৫,মহিলা ৮৫৪,শিশু ৮৪ জন মোট ২২৬৩ জন ওরশ শরীফে যোগ দেয়।

১৮ ফেব্রয়ারি রবিবার ওরশের বয়ানের পর ভোরে বিশেষ দোয়া শেষে রওনা হয়। সোমবার (১৯ ফেব্রয়ারি) সন্ধা সাড়ে ৬ টার দিকে স্পেশাল

ট্রেনটি দর্শন দর্শনা রেল স্টেশনে পৌছায়। উলেখ্য গত ১৫ ফেব্রুয়ারি সকাল ১০ টার দিকে এ বিশেষ ট্রেনটি ভারতের উদ্দ্যেশে রওনা দেয়।

বাংলাদেশ ও ভারত সরকার যৌথভাবে ১৯০২ সাল থেকে এই ওরশকে ঘিরে এ ট্রেনটি চলাচলের ব্যবস্থা করে আসছে।

তিনি বলেন, বড়পীর আব্দুল কাদের জিলানীর বংশধরদের নৈকট্য লাভ, তাদের এক নজর দেখতে ও পূণ্য লাভের আশায় প্রতিবছর এই দিনে মেদিনীপুরে যান ভক্তরা। ওই ওরশের সঙ্গে মিল রেখে একইদিন রাজবাড়ীর বড় মসজিদ খানকা শরীফে নানা আনুষ্ঠানিকতা হয়। পীরের ভক্তরা এতে যোগ দেন।

ওরশে যোগদানের জন্য ভারত সরকারের সুপারিশ ও বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহযোগিতায় ভারতীয় দূতাবাস বিশেষভাবে ভিসা দিয়ে থাকেন বলে জানান আজিজ কাদেরী।

দামুড়হুদায় প্রশাসনকে বুড়ো আঙুল দেখিয়ে দেশের সম্পদ লুটপাট

দামুড়হুদা উপজেলার দর্শনা টু মুজিবনগর মহাসড়কের পাশে থাকা সরকারি গাছের ডাল এবং গাছ কেটে দিনে দুপুরে পাঁচার হয়ে যাচ্ছে যেন দেখার কেউ নেই। প্রশাসনকে বুড়ো আঙুল দেখিয়ে দেশের সম্পদ লুটপাট করে খাচ্ছে।

হাউলী ইউনিয়নের রুদ্রনগর গ্রামের মজিদের ছেলে মোঃ বিল্লাল হোসেন (৪০) নামের এই তরতাজা যুবক দেশের সম্পদ জনগণের সম্পদ লুটপাট করে খাচ্ছে। সে এবং তার কিছু সঙ্গ পাঙ্গ।

সরজমিনে খোঁজ খবর নিয়ে জানা যায় সে পেশায় একজন দেশের সম্পদ জনগণের সম্পদ আত্মসাৎ কারী। যেখানে সরকারি মালামাল আছে সেখানে তার লুটপাট আছে। আর তাঁর পাশাপাশি লোক দেখানো পাখিভ্যান চালিয়ে

মানুষকে দেখায় আমি সৎ উপার্জন করি। আসলে তিনি সৎ উপার্জন করেন না, তিনি অসৎ কাজে লিপ্ত থাকে এমনকি দুষ্টু পানি, কোমলপানিসহ, নানা ধরনের মাদকদ্রব্যে আসক্ত গ্রামের লোকজনের সাথে ভালো সম্পর্ক নাই এমনকি যাবতীয় দুষ্ট পানি পান করে গ্রামের লোকজনের সাথে দাঙ্গামা হাঙ্গামা করে, তাঁর ভয়ে গ্রামের কেউ কথা বলার সাহস পায় না ।

তিনাকে গ্রামের লোকজন বাঁধা দিতে গেলে তিনি বলেন আমি কাউকে তোয়াক্কা করি না, আমার ভাই অমক আমার ভাই তমুক আমার পিছনে বড় বড় লোকের হাত আছে। এমনকি আমি প্রশাসন কেউও তোয়াক্কা করি না। আমি জেল জরিমানার ও ভয় করি না, জেলখানা আমার শশুর বাড়ির মতো, সকালে গেলে বিকালে বাড়ি চলে আসবো ইত্যাদি ইত্যাদি ।

বিষয়টি দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা ও প্রশাসনের সকল কর্মকর্তা কে বিশেষ ভাবে দৃষ্টি আকর্ষণ জানাচ্ছি দেশদ্রোহী বিশ্বাসঘাতকদের আইনের আওতায় এনে দৃষ্টান্ত মূলক শাস্তির দাবি জানিয়েছেন এলাকাবাসীসহ সচেতন মহল।

দামুড়হুদায় ৪৬ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

দামুড়হুদায় মাদকবিরোধী বিশেষ অভিযান চালিয়ে ৪৬ বোতল ফেনসিডিলসহ একটি পিকআপ আটক করেছে পুলিশ। এ সময় মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের নোয়াজ্জেস মিয়ার ছেলে মাসুদ রানাকে (৪৫) আটক করা হয়।গতকাল রোববার (১৮ ফেব্রুয়ারি) রাত ১১টার দিকে এ অভিযান চালায় পুলিশ।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আরএম ফয়জুর রহমান এক প্রেসবিজ্ঞপ্তিতে জানান, গতকাল রোববার গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা মডেল থানার ওসি আলমগীর কবিরের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের একদল পুলিশ মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনা করে। এ সময় রাত সাড়ে ১১টার দিকে কানাইডাঙ্গা গ্রামের কবরস্থান মোড়ে সুবলপুরগামী পাকা রাস্তার ওপর হতে ৪৫ বোতল ফেনসিডিল ও একটি পিকআপসহ মাসুদ রানাকে

আটক করা হয়।

দামুড়হুদা মডেল থানার ওসি আলমগীর কবির জানান, আটককৃত আসামির বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদক আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

আলমডাঙ্গায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে স্ত্রী নিহত, স্বামী-ছেলে আহত

আলমডাঙ্গায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে আনজিরা খাতুন (৩৫) নামের এক গৃহবধূ নিহত হয়েছেন। এতে তার স্বামী ভ্যান চালক হামিদুল ইসলাম
(৪১) ও ছেলে আশরাফুল ইসলাম (৮) গুরুতর আহত হয়েছেন।

আজ সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলা সদরের কালিদাসপুর ব্রিজ মোড় এলাকার সড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহত ও আহতরা মিরপুর থানাধীন আমবাড়িয়া গ্রামের বাসিন্দা। এছাড়া দুর্ঘটনাস্থল থেকে এলাকাবাসী ট্রাক ও চালককে আটক করে পুলিশে সোপর্দ করেছে। ট্রাক চালক আক্তারুজ্জামান দর্শনা থানাধীন পুরাতন বাজার এলাকার বাসিন্দা।

স্থানীয় সূত্রে জানা গেছে, সোমবার সকালে উপজেলার কালিদাসপুর ইউনিয়নের পশ্চিমপাড়া এলাকায় ব্যাটারিচালিত ভ্যান যোগে স্বামী,স্ত্রী ও ছেলে নিয়ে এক বাড়িতে দুধ বিক্রি করতে যান। সেখান থেকে ফেরার পথে আলমডাঙ্গা-কুষ্টিয়া আঞ্চলিক সড়কে উঠতেই বালু বোঝাই ট্রাকের ধাক্কা লাগে। এসময় ছিটকে ট্রাকের চাকার নিচে পড়ে গৃহবধূ আনজিরা। ঘটনাস্থলে পিষ্ট হয়ে ওই নারীর মৃত্যু হয়। এতে গুরুত্বর আহত হয়েছে স্বামী হামিদুল ও ছেলে আশরাফুল। পরে এলাকাবাসী তাদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে আলমডাঙ্গা থানাপুলিশ ও ফায়ারসার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা নিহত গৃহবধূর লাশের সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে।

ফায়ারসার্ভিস ও সিভিল ডিফেন্সের অপারেশন অফিসার আব্দুল্লাহ আল মামুন জানান, খবর পেয়ে দ্রুত দুর্ঘটনাস্থলে পৌঁছায়। ঘটনাস্থলে এক নারীর মৃত্যু হয়েছে। লাশের ছিন্নভিন্ন অংশগুলো সংগ্রহ করে পুলিশ হেফাজতে দেবার প্রস্তুতি চলছে।

আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক (এসআই) বিকাশ কুমার জানান, ট্রাকের চাকায় এক গৃহবধূ নিহত হয়েছে। তার স্বামী ও ছেলেকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। দুর্ঘটনা কবলিত ট্রাক ও চালককে আটক করা হয়েছে।

দামুড়হুদায় প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রশিক্ষণ প্রকল্প যেনতেন ভাবে সমাপ্ত

দামুড়হুদায় বিশ্ব ব্যাংকের অর্থায়নে প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতাধীন প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) কর্তৃক উপজেলা পর্যায়ে পিজি নন পিজি ফার্মারদের (PG Non-PG Farmer) প্রশিক্ষণ যেনতেন ভাবে সমাপ্ত করে বরাদ্দকৃত অর্থের প্রায় অর্ধেক টাকা পকেটস্থ করেছে বলে অভিযোগ উঠেছে উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তর কর্মকর্তা নীলিমা আক্তার হ্যাপির বিরুদ্ধে।

দামুড়হুদা প্রাণিসম্পদ অধিদপ্তর কর্মকর্তা কৃষিবিদ নীলিমা আক্তার হ্যাপি এ অভিযোগ অস্বীকার করেছেন।

প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পর (এলডিডিপি) এই প্রশিক্ষন গত ১২ ফেব্রুয়ারী সমাপ্ত করেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা।

নাম প্রকাশ না করার শর্তে প্রাণিসম্পদ অধিদপ্তরের একটি সূত্র জানায়, প্রাণিসম্পদ অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক দামুড়হুদা উপজেলার ৮ টি ইউনিয়ন ও একটি পৌর এলাকার পিজি ও নন পিজি ফার্মারদের (PG Non-PG Farmer) মধ্যে নির্বাচিত ৪০০ জনকে ১০ ভাগে

[illegible]

[illegible]

[illegible]

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা

দর্শনা পৌরসভায় একুশে ফেব্রুয়ারি জাতীয় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকাল ১১ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে দর্শনা পৌরসভার হল রুমে অনুষ্টিত প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু সভাপতিত্বে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা সরকারী কলেজের উপাধ্যক্ষ মফিজুর রজমান।

এসময় উপস্থিত ছিলেন বীর মুক্তিযুদ্ধো রুস্তম আলী, বীর মুক্তিযোদ্ধা এরশাদ আলী মাষ্টার, বীর মুক্তিযুদ্ধা রেজাউল করিম সবুর, নাগরিক কমিটির আহবাহক গোলাম ফারুক আরিফ, দর্শনা ডি এস মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ শফিউদ্দিন, সমাজ সেবক জাহিদুল ইসলাম, পৌর প্যালেন মেয়র রবিউল হক সুমনের।

কাউন্সিলার এনামুল হকের উপস্থাপনায়, আরও আলোচনা করেন, দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান, দর্শনা গনউন্নয়ন গ্রন্থগারের পরিচালক আবু সুফিয়ান,পৃর্ব রামনগরের প্রধান শিক্ষক হারুন অর রশিদ,দর্শনা পৌরসভার কর্মকর্তা কর্মচারী বৃন্দু প্রমুখ।

জীবননগরে বৈদ্যুতিক শর্ট সার্কিটে একজনের মৃত্যু

জীবননগরে বৈদ্যুতিক শর্ট সার্কিটে একজনের মৃত্যু হয়েছে। গতকাল রবিবার বিকাল ৫ টার সময় জীবননগর পৌরসভার ০৯ নং ওয়ার্ডের নতুন তেতুলিয়া গ্রাম এ ঘটনা ঘটে।

নিহত মোঃ আরিফুল হক (৩০) নতুন তেতুলিয়া গ্রামের মোঃ মোজাম্মেল হকের ছেলে। নিহতর পরিবার সুত্রে জানা গেছে, নিহত আরিফুল হক তার নিজ বাড়ীতে ঘরের ভেতর বৈদ্যুতিক কাজ করতে গিয়ে অসাবধানতাবশত সক লেগে মাটিতে পড়ে অজ্ঞান হয়ে যায়। বাড়ীর লোকজন বিষয়টি টের পেয়ে তাৎক্ষণিক তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

জীবননগর পৌর সভার ৯নং ওয়াড কাউন্সিলার মোঃমতিয়ার রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেন।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) এস,এম জাবীদ হাসান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, নিহত আরিফুল তার নিজ বাড়িতে বৈদ্যুতিক লাইনের কাজ করছিল এ সময় অসাবধানবশত বৈদ্যুতিক শর্ট-সার্কিটে তার মৃত্যু হয়েছে। এ ঘটনায় জীবননগর থানায় একটা অপমৃত্যু মামলা হয়েছে।